

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ আগস্ট ২০১৪/০৫ তাহ্র ১৪২১

নম্বর ০৮.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪.১৩১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রূপপুর  
পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত দিক-নির্দেশনা প্রদান ও মনিটরিং-এর জন্য  
নিয়ন্ত্রণপ্রত্বাবে জাতীয় কমিটি গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

(১)	প্রধানমন্ত্রী	চেয়ারপারসন
(২)	মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	সদস্য
(৩)	মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়	সদস্য
(৪)	মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
(৫)	মন্ত্রী, পরিবেশ ও বন মন্ত্রণালয়	সদস্য
(৬)	মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয়	সদস্য
(৭)	মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(৮)	মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	সদস্য
(৯)	প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা	সদস্য
(১০)	নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড	সদস্য
(১১)	প্রতিমন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য
(১২)	মন্ত্রিপরিষদ সচিব	সদস্য

( ১৭০৩১ )

মূল্য : টাকা ৮.০০

(১৩)	প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	সদস্য
(১৪)	সিনিয়র সচিব, অর্থ বিভাগ	সদস্য
(১৫)	সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
(১৬)	সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
(১৭)	সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
(১৮)	সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	সদস্য
(১৯)	সচিব, পরিকল্পনা বিভাগ	সদস্য
(২০)	সচিব, বিদ্যুৎ বিভাগ	সদস্য
(২১)	সচিব, পরমাণু মন্ত্রণালয়	সদস্য
(২২)	চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য
(২৩)	ড. নটম চৌধুরী, সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন	সদস্য
(২৪)	প্রকল্প পরিচালক, বৃপ্তপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন (১ম পর্যায়) প্রকল্প	সদস্য
(২৫)	সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	সদস্য-সচিব

## (খ) কমিটির কার্যপরিধি :

- (১) বৃপ্তপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের প্রাক-বাস্তবায়ন, বাস্তবায়ন পর্যায়ের মনিটরিং এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
- (২) প্রকল্পের স্বত্ত্বাধিকার নির্ধারণ, প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি নির্বাচন এবং প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ যোগানের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;
- (৩) প্রকল্প বাস্তবায়নের পথে বাধাসমূহ চিহ্নিতকরণ ও এ সম্পর্কিত বাধাসমূহ দূরীকরণে সম্ভাব্য ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান;
- (৪) পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র সরবরাহকারী সম্ভাব্য রাষ্ট্রসমূহের সাথে প্রকল্প বাস্তবায়ন ও যথাযথ পরিচালনার বিষয়গুলো বিবেচনায় এনে দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদনের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সম্পাদিত চুক্তিসমূহের অগ্রগতি পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করা এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামোগত পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন, মানব সম্পদ উন্নয়ন এবং নিউক্লিয়ার সায়েন্স ও নিউক্লিয়ার টেকনোলজি সম্পর্কিত শিক্ষা, গবেষণা ও উন্নয়ন কার্যক্রম গ্রহণে দিক-নির্দেশনা প্রদান;
- (৬) প্রকল্প বাস্তবায়নে যে সকল আন্তর্জাতিক মানদণ্ড পূরণ অত্যাবশ্যক সে সকল মানদণ্ড পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় চুক্তিসমূহ সম্পাদনের প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

- 
- (৭) দেশের পারমাণবিক নিরাপত্তা নিশ্চিতকরণ ও তেজস্ক্রিয় বিকিরণ নিয়ন্ত্রণের লক্ষ্যে  
বিদ্যমান আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণসহ উপযুক্ত আইন প্রণয়ন ও  
নিউক্লিয়ার রেগুলেটরি অবকাঠামো উন্নয়ন/প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা  
প্রদান;
- (৮) প্রকল্প বাস্তবায়নে দেশজ প্রযুক্তি, সম্পদ ও অবকাঠামোর সর্বাধিক ব্যবহার  
নিশ্চিতকরণে দিক-নির্দেশনা প্রদান।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান  
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)